

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
প্রবাসী কল্যাণ শাখা  
বাগেরহাট।  
www.bagerhat.gov.bd

জেলা ডিজিটেল টাঙ্কফোর্স কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ মোঃ মামুনুর রশীদ  
জেলা প্রশাসক  
বাগেরহাট।  
তারিখঃ ০৯/০২/২০২০ খ্রি.  
সময়ঃ দুপুর-১১.৩০মিঃ  
স্থানঃ সভাকক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের নাম ও গদ্যবী পরিশিষ্ট-“ক” ও “খ”

সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরুর করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট শাখা) এর প্রজ্ঞাপনটি সভায় পাঠ করে শোনান। অতঃপর উপস্থিত সদস্যবৃন্দকে জেলা ডিজিটেল টাঙ্কফোর্স সংক্রান্ত আলোচনায় অংশ গ্রহণের আহ্বান জানানো সভাপতি উপস্থিত সকল সদস্যদের দৃষ্টি আকর্ষণ করে বলেন, বিদেশ গমনেচ্ছু কর্মীদের স্বার্থ রক্ষায় জেলা ও উপজেলার পর্যায়ে গঠিত ডিজিটেল টাঙ্কফোর্স কমিটি ব্যাপক ভূমিকা রাখতে পারে। দেশের বৈদেশিক মুদ্রার্কর্নকারী অন্যতম স্বাত বৈদেশিক কর্মসংস্থানকে আরো দক্ষ ও গতিশীল করে তোলা এবং রিক্রুটিং এজেন্টের কার্যক্রম স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার নিমিত্ত এই কমিটি কাজ করবে। নিরাপদ ও বৈধ অভিবাসন প্রক্রিয়ার অন্যতম অস্ত্রায় দালাল ও প্রতারকদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ, ভিসা নিয়ে হয়রানী বন্ধ করা এবং বিদেশগামী কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা নিশ্চিত করার জন্য এই কমিটি ভূমিকা রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সভাপতি জানান এই টাঙ্কফোর্স কমিটির তত্ত্বাবধানে মাসে অন্তত একটি অভিযান পরিচালনা করা হবে। অতঃপর সভায় বিস্তারিত আলোচনাতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র.সং.	সিদ্ধান্ত	ব্যস্তব্যয়নে
০১।	অভিবাসন সংক্রান্ত অভিযোগ গ্রহণ, পরিবীক্ষণ, নিষ্পত্তিকরণ এবং কর্মী অভিবাসনের নামে অবৈধ অভিবাসন সংক্রান্ত তথ্য সংগ্রহ ও অর্হিনানুগ ব্যবস্থা গ্রহণ কর হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাগেরহাট ২। সহকারী কমিশনার, প্রবাসী কল্যাণ শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট। ৩। অফিসার ইনচার্জ (সকল), বাগেরহাট।
০২।	বৈধভাবে বিদেশে কর্মী প্রেরণের বিষয়ে সকলকে উৎসাহিত করতে হবে। এ বিষয়ে সচেতনতামূলক প্রচারনার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাগেরহাট। ২। মেয়র, পৌরসভা (সকল), বাগেরহাট। ৩। উপ-পরিচালক জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, খুলনা ৪। অধ্যক্ষ, ইপিটিসিউট অব মেরিন টেকনোলজি (আইএমটি), বাগেরহাট। ৫। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), বাগেরহাট।

০৩	বিদেশ গমনেচ্ছু কর্মীকে অবৈধভাবে বিদেশ প্রেরণের নেপথ্যে থাকা অপরাধীদের খুর্জে বের করে আইনের আওতায় আনয়ন। অবৈধ কার্যক্রম রোধকল্পে মোবাইল কোর্ট পরিচালনা এবং প্রযোজ্য ক্ষেত্রে থানায়/জুডিশিয়াল আদালতে মামলা দায়েরের ব্যবস্থা গ্রহণ করা হবে।	১। পুলিশ সুপার, বাগেরহাট ২। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বাগেরহাট। ৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাগেরহাট। ৪। অফিসার ইনচার্জ (সকল), বাগেরহাট।
০৪	বিদেশে প্রত্যাগত ও বিদেশ গমনেচ্ছু কর্মীকে কারিগরি ও দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান করা হবে। এ ব্যাপারে প্রচার প্রচারণা অব্যাহত রাখতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বাগেরহাট। ২। উপ-পরিচালক জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, খুলনা। ২। অধ্যক্ষ, ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি, বাগেরহাট।
০৫	জেলা ডিজিটেল টার্মিনাল প্রতিমাসে অন্তত: ১ (এক) বার অভিযান পরিচালনা করতে হবে।	১। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বাগেরহাট ২। সহকারী কমিশনার, জুডিশিয়াল মুক্তিখানা শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ শামসুর রশীদ)  
জেলা প্রশাসক

ও  
সভাপতি

জেলা ডিজিটেল টার্মিনাল কমিটি  
বাগেরহাট।

তারিখঃ ২৫/০২/২০২০খ্রি

স্মারক নং- ৪৯.৪৪.০১০০.০২৪.৫৬.০০২.২০২০- ১৩ (৩০)

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

০১) সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ৭১-৭২ ইস্কাটন, ঢাকা।

০২) বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১) পুলিশ সুপার, বাগেরহাট।

০২) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), বাগেরহাট।

০৩) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বাগেরহাট।

০৪) উপজেলা নির্বাহী অফিসার, ----- (সকল), বাগেরহাট।

০৫) উপ-পরিচালক জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, খুলনা।

০৬) অধ্যক্ষ, ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি (আইএমটি), বাগেরহাট।

০৭) অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ (টিটিসি), বাগেরহাট।

০৮) জনাব,..... বাগেরহাট।

(মোঃ শামিম হোসেন)  
অধ্যক্ষ  
ইন্সটিটিউট অব মেরিন টেকনোলজি  
ও  
সদস্য সচিব  
জেলা ডিজিটেল টার্মিনাল কমিটি  
বাগেরহাট।